

১) 'বড়োদিন' সম্বন্ধে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নীচে কতকগুলি সংকেত দেওয়া হল।

সংকেত :

- সূচনা
- যিশুর জন্ম পরিচয়
- খ্রিস্টের বাণী
- উৎসবের বর্ণনা
- উপসংহার



নমুনা অনুচ্ছেদ

খ্রিস্টান সম্প্রদায়ের শ্রেষ্ঠ উৎসব বড়োদিন। খ্রিস্টধর্মের প্রবর্তক মহামানব যিশু প্রায় দুহাজার বছর আগে ২৫শে ডিসেম্বর জেরুজালেমের বেথলেহেম শহরে এক মেঘপালকের কুটিরের গোয়ালঘরে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম যোসেফ ও মাতার নাম মরিয়ম। ঈশ্বরপুত্র যিশুর জন্মদিনকেই খ্রিস্টানরা বড়োদিন হিসাবে পালন করেন। যিশু ছিলেন করুণার প্রতি মূর্তি। তিনি বলতেন, 'পাপকে ঘৃণা কর, পাপীকে নয়' আর মনে করতেন সব মানুষই পরম পিতার সন্তান তাই সবাইকে এমনকি যে সব মানুষ তাঁকে ক্রুশ বিদ্ধ করে তাদেরকেও ক্ষমা করার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করেন। তিনি বলেন 'হে পিতা, এরা কী করছে তা এরা নিজেরাই জানে না, তুমি এদের ক্ষমা করো।' প্রকৃতপক্ষে ২৪শে ডিসেম্বর সন্ধ্যা থেকেই বড়োদিনের উৎসব শুরু হয়, সেই সন্ধ্যা হল 'ক্রিসমাস ইভ'। খ্রিস্টধর্মাবলম্বীরা সকলে নতুন সাজপোশাকে সজ্জিত হয়ে সেই উৎসবে যোগ দেয়, গির্জাগুলো আলোকমালায় সাজানো হয় এবং ২৫শে ডিসেম্বর ভোর থেকেই গির্জায় গির্জায় উপাসনা চলে তারপর সারাদিন নাচ - গান, খাওয়া দাওয়া, দান - ধ্যান প্রভৃতির মধ্যে দিয়ে বড়োদিন উৎসব পালিত হয়। বর্তমানে এ উৎসব শুধু খ্রিস্টানদের নয়, ঈশ্বরপুত্র যিশুর জন্মদিন একটি পরিপূর্ণ উৎসবের রূপ নিয়ে পৃথিবীর বিভিন্ন দেশে সাড়ম্বরে পালিত হয়।